

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপপরিচালকের কার্যালয়
মহিলা বিষয়ক অধিদপ্তর
মেহেরপুর।


স্মারক নং- ৩২.০১.৫৭০০.০০০.০৬.০২.২২-১৬৫

তারিখ: ০৫/০৯/২০২২ খ্রি:

বিষয়: উপজেলা মহিলা ও শিশু উন্নয়ন কমিটির সভায় উপস্থিত প্রসঙ্গে।

আগামী ১১/০৯/২০২২ খ্রি: বিকাল ০৩:০০ ঘটিকার সময় মেহেরপুর সদর উপজেলা পরিষদে উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান এর অফিস কক্ষে তাঁর সভাপতিত্বে “উপজেলা মহিলা ও শিশু উন্নয়ন” কমিটির এক সভা অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় আপনি একজন সম্মানিত সদস্য। সভায় যথা সময়ে উপস্থিত থাকার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।



(মো: তাজুল ইসলাম)

প্রোগ্রাম অফিসার
উপপরিচালকের কার্যালয়
মহিলা বিষয়ক অধিদপ্তর
মেহেরপুর।

প্রাপক:

সদয় জ্ঞাতার্থে :

- ১। উপজেলা নির্বাহী অফিসার, মেহেরপুর সদর, মেহেরপুর।
- ২। উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, মেহেরপুর
- ৩। অফিস কপি।

মেহেরপুর সদর, উপজেলা মহিলা ও শিশু উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী:

সভাপতি : লতিফন নেছা লতা

উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মেহেরপুর সদর, মেহেরপুর।

তারিখ : ১১/০৯/২০২২ খ্রি:

সময় : বিকাল ০৩.০০ ঘটিকা


স্থান : উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যানের এর অফিস কক্ষ।

উপস্থিত সদস্যদের নাম : পরিশিষ্ট “ক” দ্রষ্টব্য।

সভায় উপস্থিত সম্মানিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কার্যক্রম শুরু করেন। সভার শুরুতে সদস্য সচিব ও উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, উপজেলা মহিলা ও শিশু উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির সভাপতির অনুমতিক্রমে পূর্ববর্তী সভার কার্যবিবরণী সকলকে পাঠ করে শুনান। উক্ত কার্যবিবরণীতে কোনরূপ সংশোধনী না থাকায় তা সর্ব সম্মতিক্রমে দৃঢ় করণ করা হয়। অতপর তিনি তার কার্যক্রমের বিষয়ে আলোচনা করেন।

আলোচনা : সদস্য সচিব ও উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান যে, মেহেরপুর সদর উপজেলায় ০৫টি ইউনিয়নে ১৩০ জন করে মোট- ৬৫০ জন মাতৃভাতাভোগীকে জুন/২০২২ পর্যন্ত ভাতা পরিশোধ করা হয়েছে। এছাড়াও মেহেরপুর সদর উপজেলায় ০৫টি ইউনিয়নে মোট- ১০৮০ জন ভিজিডি উপকারভোগীকে আগস্ট/২০২২ খ্রি: মাস পর্যন্ত ৩০ কেজি হারে খাদ্য সহায়তা প্রদান করা হয়েছে। ভিজিডি উপকারভোগীদের সহযোগী এনজিও এর মাধ্যমে প্রশিক্ষণ প্রদান করা হয়।

পরিশেষে আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্ত ঘোষণা করেন।


(লতিফন নেছা লতা)

সভাপতি

উপজেলা মহিলা ও শিশু উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি

ও

উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান

মেহেরপুর সদর, মেহেরপুর।